গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৫.১৫-২৮৮

তারিখ : ২৪ অক্টোবর ২০১৬ / ০৯ কার্তিক ১৪২৩

# প্রজ্ঞাপন

যেহেতু জনাব দেব দয়াল সরকার (পরিচিতি নম্বর ৪০০৭১৭), উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃদাঃ), কুষ্টিয়া সড়ক উপ-বিভাগ, কুষ্টিয়া এর সরাসরি তদারকিতে ২০১৪-২০১৫ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় কুষ্টিয়া সড়ক বিভাগের অধীন কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কের চেইনেজ ২১+৫১৫ হতে ৪৫+৭৭৫ পর্যন্ত মোট ২৪.২৬০ কিলোমিটার মহাসড়কে ৭.০৮ কোটি টাকা ব্যয়ে Double Bituminous Surface Treatment (DBST) কাজ সম্পন্ন করা হয়। গত ০৩.০৩.২০১৫ তারিখে কাজটির কার্যাদেশ প্রদান করা হয় এবং ২৯.০৪.২০১৫ তারিখে কাজটি সমাপ্ত হয়;

এবং

যেহেতু কাজটি সমাপ্তির ২ মাসের মধ্যেই মহাসড়কটির বিভিন্ন অংশে পটহোলস সৃষ্টিসহ ক্ষতিগ্রস্ত হয় মর্মে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উপ-প্রধান (সওজ জিওবি) গত ১২.০৭.২০১৫ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে একটি সচিত্র প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনে আরো উল্লেখ করা হয় যে, কাজে ব্যবহৃত মালামালসহ কাজের গুণগতমান বজায় না রেখে কাজ করায় এবং যথাযথ তদারকির অভাবে মহাসড়কটি কাজ করার পরপর ক্ষতিগ্রস্ত হয়ে পড়েছে;

এবং

যেহেতু উপ-বিভাগীয় প্রকৌশলী হিসেবে কাজ সরাসরি তদারকি করা তাঁর প্রধান দায়িত্ব, কিন্তু কাজের গুণগতমান বজায় রাখার বিষয়ে তিনি সরকারি দায়িত্বপালনে চরমভাবে ব্যর্থ হয়েছেন এবং কর্তব্য কাজে অবহেলা ও দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন। এতে বিপুল পরিমাণ সরকারি অর্থেরও অপচয় হয়েছে;

এবং

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণের অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ২৫/২০১৫ রুজু করা হয়;

এবং

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি-মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, তা অভিযোগানামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানির মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কিনা কিংবা তাঁর বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, তিনি গত ২০.০৮.২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ১৩.০৯.২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এবং

যেহেতু তাঁর লিখিত জবাব ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের উপসচিব জনাব আনোয়ার হোসেন চৌধুরী-কে গত ২৩.০৩.২০১৬ তারিখ তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ০৯.০৫.২০১৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করে উত্থাপিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে অভিমত ব্যক্ত করেন;

এবং

যেহেতু তদ্‌প্রেক্ষিতে সুনির্দিষ্ট কতিপয় বিষয় স্পষ্টীকরণসহ পুন:রায় তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৬(২) অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা জনাব আনোয়ার হোসেন চৌধুরী-কে গত ১৫.০৫.২০১৬ তারিখ অনুরোধ করা হয়;

চলমান পাতা-২

এবং

যেহেতু তদন্তকারী কর্মকর্তা গত ০১.০৯.২০১৬ তারিখ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৬(২) অনুযায়ী পুন:তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং একই অভিমত ব্যক্ত করেন অর্থাৎ তদন্ত প্রতিবেদন এবং পুন:তদন্ত প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা অভিমত ব্যক্ত করেন যে, অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

এবং

সেহেতু এক্ষণে, জনাব দেব দয়াল সরকার (পরিচিতি নম্বর ৪০০৭১৭), উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃদাঃ), কুষ্টিয়া সড়ক উপ-বিভাগ, কুষ্টিয়া-কে বিভাগীয় মামলা নম্বর ২৫/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৪.১০.১৬

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৫.১৫-২৮৮/১(১৫)

তারিখ : ২৪ অক্টোবর ২০১৬
০৯ কার্তিক ১৪২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. যুগ্মসচিব (সজস গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. জনাব আনোয়ার হোসেন চৌধুরী, উপসচিব (বাজেট ও অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং তদন্ত ও পুন:তদন্তকারী কর্মকর্তা
১১. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১২. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. জনাব দেব দয়াল সরকার (পরিচিতি নম্বর ৪০০৭১৭), উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃদাঃ), কুষ্টিয়া সড়ক উপ-বিভাগ, কুষ্টিয়া
১৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

২৪/১০/১৬

(যাহিদা খানম)
যুগ্মসচিব